

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১- ৪৭০

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৮  
০৯ জুন, ২০২১

প্রজ্ঞাপন

যেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার ০৪নং উমারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল মতিন মন্ডল এর বিরুদ্ধে ভিজিডি কার্ডধারীদের মাঝে চাল বিতরণে অনিয়ম, ভিজিডি কার্ডধারী উপকারভোগীদের প্রতিমাসে ২০০/- (দুইশত) টাকা ব্যাংকে জমা না করে আরো অতিরিক্ত ৫০ (পঞ্চাশ) টাকা সঞ্চয় আদায়ে অনিয়ম, জেলেদের মাঝে ভিজিএফ কার্ডের চাল বিতরণে অনিয়ম, ২০১৯-২০২০ অর্থবছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচীর আওতায় (১ম পর্যায়) শ্রমিকদের মাথাপিছু সঞ্চয়কৃত ১০০০/- (এক হাজার) টাকা উত্তোলন ছাড়াও তার বিরুদ্ধে চেকের পিছনে সনাক্তকারী ইউপি সদস্যগণের স্বাক্ষর জালিয়াতি, ইউপি সদস্যগণের নামে সঞ্চয় হিসেবে জমাকৃত ১০০০/- টাকা ব্যাংকের লুজ চেকের মাধ্যমে চেকের সামনে ও পিছনে ভূয়া টিপ স্বাক্ষরের মাধ্যমে টাকা উত্তোলনপূর্বক আত্মসাত, ব্যাংক কর্তৃপক্ষের সাথে যোগসাজসে সরকারি বিধি-বিধান তোয়াক্কা না করে নির্ধারিত সময়ের পূর্বেই ব্যাংক থেকে টাকা উত্তোলন করার অভিযোগ স্থানীয় তদন্তে প্রমাণিত হওয়ায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ এর প্রস্তাব মোতাবেক স্থানীয় সরকার বিভাগের ২৫/০১/২০২১ তারিখে ১০৩ নং স্মারকে তাকে সাময়িক বরখাস্ত করা হয়। একই সাথে কেন তাকে চূড়ান্তভাবে অপসারণ করা হবেনা তা পত্র প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে এ বিভাগের প্রেরণের জন্য অনুরোধ করা হয়;

যেহেতু, সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার ০৪নং উমারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল মতিন মন্ডলকে কারণ দর্শানোর প্রেক্ষিতে প্রদত্ত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় জেলা প্রশাসক, সিরাজগঞ্জ বর্ণিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারা মোতাবেক তার বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন;

সেহেতু সিরাজগঞ্জ জেলার চৌহালী উপজেলার ০৪নং উমারপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: আব্দুল মতিন মন্ডল-কে জনস্বার্থে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৪ (৪) (খ) ও (ঘ) ধারার অপরাধ করায় একই আইনের ৩৪ (৫) ধারা মোতাবেক তাকে স্থায়ী পদ হতে অপসারণ করা হলো।

০২। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক শূন্য ঘোষণা সংক্রান্ত গেজেট বিজ্ঞপ্তি জারীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৩। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব

৯৫৮৬৬০৫


Email:lgup@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.৮৮০০.০১৭.২৭.০০৩.২০২১- ৪৭০

তারিখ: ২৬ জ্যৈষ্ঠ, ১৪২৮  
০৯ জুন, ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

- ০১। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ।
- ০২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, চৌহালী, সিরাজগঞ্জ।
- ০৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। জনাব মো: আব্দুল মতিন মন্ডল, চেয়ারম্যান (অপসারণকৃত), ০৪নং উমারপুর ইউনিয়ন পরিষদ, চৌহালী, সিরাজগঞ্জ।
- ০৮। অফিস কপি।



(মো: আবুজাফর রিপন পিএএ)

উপসচিব